ত্রিপুরা সরকার

তথ্য ও সংস্কৃতি অধিকার

*****

স-৩১৬৭

আগরতলা, ১০ অক্টোবর, ২০২৫

**প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ**

"আইজিএম হাসপাতালে চিকিৎসা ব্যবস্থায় আস্থা হারাচ্ছেন জনগণ ভিড় বাড়ছে জিবি হাসপাতালে," এই শিরোনামে আজকের ফরিয়াদ পত্রিকায় গত ৮ অক্টোবর ২০২৫ প্রকাশিত সংবাদটি স্বাস্থ্য ওপরিবার কল্যাণ দপ্তরের নজরে এসেছে। এই সংবাদটির পরিপ্রেক্ষিতে,আইজিএম হাসপাতাল এর মেডিক্যাল সুপারিনটেনডেন্ট কর্তৃক গঠিত তিন সদস্যক তদন্ত কমিটির প্রদত্ত রিপোর্টের ভিত্তিতে দপ্তরের পক্ষ থেকে স্পষ্টিকরণ দিয়ে জানানো যাচ্ছে যে,আইজিএম হাসপাতালে কম্বাইন্ড সার্জিক্যাল, ইএনটি এবং অর্থোপেডিক বিভাগগুলির জন্য জেনারেল ওয়ার্ডে মোট৩৪টি শয্যা রয়েছে। এর মধ্যে সার্জিক্যাল বিভাগের জন্য২০টি, ইএনটি বিভাগের জন্য১০টি, এবং অর্থোপেডিক বিভাগের জন্য ৪টি শয্যা নির্ধারিত। এই ৩৪টি শয্যার মধ্যে১৭টি মহিলা রোগীদের জন্যএবং১৭টি পুরুষ রোগীদের জন্য বরাদ্দ। পুরুষ ও মহিলা ওয়ার্ড একটি পার্টিশন দ্বারা সম্পূর্ণভাবে পৃথক করা হয়েছে। সার্জারি, ইএনটি এবং অর্থোপেডিক বিভাগগুলির জন্য মোট৮টি পোস্ট-অপারেটিভ শয্যা রয়েছে। এখানেও৪টি শয্যা মহিলা রোগীদের জন্যএবং৪টি শয্যা পুরুষ রোগীদের জন্যবরাদ্দ। পুরুষ ও মহিলা শয্যাগুলি আলাদা করা আছে।সার্জারি বিভাগে৪ জন জেনারেল সার্জন, ইএনটি বিভাগে৫ জন ইএনটি সার্জনএবং অর্থোপেডিক বিভাগে ৩জন অর্থোপেডিক সার্জনরয়েছেন। বিভাগীয় প্রধানদের অভিমত অনুসারে পৃথকভাবে এবং সন্তোষজনকভাবে একটি পূর্ণাঙ্গ বিভাগ পরিচালনার জন্য আরও চিকিৎসক প্রয়োজন।এখন পর্যন্ত আইজিএম হাসপাতালে কোনওকার্ডিওলজি ইউনিট চালু করা সম্ভব হয়নি, কারণ বর্তমানে মেডিসিন বিভাগে কোনো কার্ডিওলজিস্ট বা সুপার-স্পেশালিস্ট নেই। উল্লেখ্য রাজ্য সরকার পর্যায়ক্রমে জেনারেল ডিউটি মেডিক্যাল অফিসার চিকিৎসক এবং বিশেষজ্ঞ চিকিৎসকের নিয়োগ প্রক্রিয়া অব্যাহত রেখেছে। আইজিএম হাসপাতালে, একটি মর্গ স্থাপনের জন্য একটি প্রস্তাব পাঠানো হয়েছে এবং যার জন্য একটি নতুন ভবন নির্মাণের প্রয়োজন। সার্জারি, ইএনটি ও অর্থোপেডিক এই তিনটি বিভাগের চিকিৎসার পরিকাঠামো সম্প্রসারণ ও উন্নতির লক্ষ্যে একটি নতুন হাসপাতাল ভবন নির্মাণের জন্য একটি প্রস্তাব জমা দেওয়া হয়েছে।

******